

যুগান্তর

যোড়শ শিক্ষক নিবন্ধনের আবেদন শুরু মঙ্গলবার

প্রকাশ : ২৪ মে ২০১৯, ২০:৪৭ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ

যোড়শ শিক্ষক নিবন্ধন
পরীক্ষার আবেদন শুরু
হবে আগামী মঙ্গলবার
থেকে। চলবে ১৯ জুন
সন্ধ্যা পর্যন্ত। তবে ২২
জুন পর্যন্ত আবেদনের
ফি জমা দিতে পারবেন
প্রার্থীরা।

নিবন্ধনের আবেদন ফি
নির্ধারণ করা হয়েছে
৩৫০ টাকা। জাতীয়
শিক্ষক নিবন্ধন ও
প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ) এ
সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি
করেছে।

আগ্রহী প্রার্থীদেরকে
অনলাইনে নির্ধারিত
ওয়েবসাইটে

শিক্ষা মন্ত্রণালয়। ছবি: যুগান্তর

<http://ntrca.teletalk.com.bd> আবেদন করতে হবে। টেলিটক সিমের মাধ্যমে ফি জমা দিতে হবে।

এবারও শিক্ষক হতে আগ্রহীদের তিন ধাপে পরীক্ষার মাধ্যমে শিক্ষকতা পেশার জন্য বাছাই করা হবে। প্রথম ধাপে হবে ১০০ নম্বরের প্রিলিমিনারী পরীক্ষা, যা নেয়া হবে আগামী ৩০ আগস্ট।

১০০ নম্বরের মধ্যে বাংলা, ইংরেজি, সাধারণ গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে ২৫ নম্বর করে প্রশ্ন হবে।

নিবন্ধনের প্রিলিমিনারী পরীক্ষার প্রবেশপত্র ওয়েবসাইটে আপলোড করে দেয়া হবে এবং এসএমএস পাঠ্যে প্রার্থীদের এ বিষয়ে জানানো হবে। প্রবেশপত্রে প্রিলিমিনারী পরীক্ষার ভেন্যু ও তারিখ উল্লেখ থাকবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।